

## ত্রী আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮:৬৮

আরবি মূল আয়াত:

## وَ كَيفَ تَصبِرُ عَلَى مَا لَم تُحِط بِهِ خُبرًا ﴿ ٢٨ ﴾

## 🗚 অনুবাদসমূহ:

'আপনি তাতে কীভাবে ধৈর্য ধরবেন, যে সম্পর্কে আপনি জানেন না'? — আল-বায়ান আপনি কীভাবে সে বিষয়ে ধৈর্য ধারণ করবেন যা আপনার জ্ঞানের আয়ত্বের বাইরে?' — তাইসিরুল যে বিষয় তোমার জ্ঞানায়ত্ত নয় সে বিষয়ে তুমি ধৈর্য ধারণ করবে কেমন করে? — মুজিবুর রহমান And how can you have patience for what you do not encompass in knowledge?" — Sahih International

৬৮. যে বিষয় আপনার জ্ঞানায়ত্ত নয় সে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করবেন কেমন করে?(১)

(১) খাদির 'আলাইহিস সালাম মূসা (আলাইহিস সালাম-কে বললেনঃ আপনি আমার সাথে ধৈর্য ধারণ করতে পারবেন না। আসল তথ্য যখন আপনার জানা নেই, তখন ধৈর্য ধরবেনই বা কেমন করে? উদ্দেশ্য এই যে, আমি যে জ্ঞান লাভ করেছি, তা আপনার জ্ঞান থেকে ভিন্ন ধরণের। তাই আমার কাজকর্ম আপনার কাছে আপত্তিকর ঠেকবে। আসল তথ্য আপনাকে না বলা পর্যন্ত আপনি নিজের কর্তব্যের খাতিরে আপত্তি করবেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৬৮) যে বিষয় তোমার জ্ঞানায়ত্ত নয়,[1] সে বিষয়ে তুমি ধৈর্যধারণ করবে কেমন করে?'

[1] অর্থাৎ, যে ব্যাপারে তোমার পরিপূর্ণ জ্ঞান নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2208

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন